

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৫৪

আরবী

১/ বিবিধ

لا تقوم الساعة حتى لا يبقى على وجه الأرض أحد لله فيه حاجة، وحتى توجد المرأة نهارا جهارا تنكح وسط الطريق، لا ينكر ذلك أحد ولا يغيره، فيكون أمثلهم يؤمئذ الذي يقول: لونحيتها عن الطريق قليلا، فذاك فيهم مثل أبي بكر وعمر ضعيف حدا

أخرجه الحاكم (4/495) من طريق القاسم بن الحكم العرني: حدثنا سليمان بن أبي سليمان: حدثنا يحيى بن أبي كثير عن أبي سلمة عن أبي هريرة رضي الله عنه عن النبي صلى الله عليه وسلم أنه قال: فذكره وقال: صحيح الإسناد ورده الذهبي بقوله: "قلت: بل سليمان هالك، والخبر شبه خرافة قلت: وكأنه يعني ما في آخره من المبالغة في أنه مثل أبي بكر وعمر، وإلا فسائر الحديث صحيح عن أبي هريرة وغيره، ولذلك أوردته في "الصحيحة " تحت رقم (475)

وفي الحديث علة أخرى وهي ضعف القاسم بن الحكم العرني قال في " التقريب ": " صدوق فيه لين

বাংলা

১২৫৪। যে পর্যন্ত যমীনের বুকে কারো ব্যাপারে আল্লাহর প্রয়োজনীয়তা রয়েছে সে পর্যন্ত কিয়ামত কায়েম হবে না এবং যে পর্যন্ত রাস্তার মধ্যে দিনের বেলা প্রকাশ্যে কোন নারীর সাথে ব্যভিচার করা না হবে সে পর্যন্ত কিয়ামত কায়েম হবে না। কেউ এ কর্মকে ঘৃণা করবে না এবং তার প্রতিবাদও করবে না। সেদিন তাদের মধ্যের ভাল



ব্যক্তি বলবেঃ যদি রাস্তা থেকে তাকে (নারীটিকে) একটু সরিয়ে নিতে। তাদের মধ্যের সেদিনের ভাল মানুষ তোমাদের মাঝের আবু বাকর ও উমারের ন্যায়।

হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটি হাকিম (৪/৪৯৫) কাসেম ইবনুল হাকাম উরানী সূত্রে সুলাইমান ইবনু আবী সুলাইমান হতে, তিনি ইয়াহইয়া ইবনু আবী কাসীর হতে, তিনি আবূ সালামাহ হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন।

হাকিম বলেনঃ হাদীসটির সনদ সহীহ। আর হাফিয যাহাবী তার প্রতিবাদ করে বলেনঃ সুলাইমান ধ্বংসপ্রাপ্ত। হাদীসটি বানোয়াটের সাথে সাদৃশ্যপূর্ণ।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটির শেষে যে আবু বাকর ও উমারের ন্যায় বলে অতিরঞ্জন করা হয়েছে সে অংশটুকু বাদে বাকী অংশ সহীহ। এ কারণে আমি সহীহ অংশগুলো "সিলসিলাহ্ সহীহাহ" গ্রন্থে (৪৭৫) উল্লেখ করেছি।

অতিরঞ্জনকৃত অংশসহ বর্ণিত এ সনদটির আরেকটি সমস্যা হচ্ছে বর্ণনাকারী কাসেম ইবনুল হাকাম উরানী, তিনিও দুর্বল। তার সম্পর্কে হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি সত্যবাদী তবে তার মধ্যে দুর্বলতা রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন